গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর,
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩১.৩২.০১৯.১৮(অংশ-১)- 2028(27) তারিখঃ 12 /১২/২০১৯ খ্রিঃ।

**বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগে ব্যবহৃত সরকারের বিভিন্ন পদনাম ও পদবিসমূহের বিধি বহির্ভূত ব্যবহার প্রসংগে।**

সূত্রঃ ১। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৪২৩.৩৫.০০৩.১৫.৮৫, তাং২৩/১০/২০১৯ খ্রিঃ।
২। খাদ্য মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশাসন-১ শাখার স্মারক নং ১৩.০০.০০০০.০১৩.১৮.০০৮.১৭-৪৫৭, তাং ০১/১২/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়/বিভাগে ব্যবহৃত সরকারের বিভিন্ন পদনাম ও পদবিসমূহের বিধি বহির্ভূত ব্যবহার সংক্রান্ত প্রাপ্ত পত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তঃ ২ (দুই) পাতা।

12/12/19

(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন-৯৫৬১২০৯
dd.est@dgfood.gov.bd

১-৭। পরিচালক, প্রশাসন/ হিসাব ও অর্থ/ সববি/ চসসা/ পউকা/ সংগ্রহ/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৮। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা।
৯-১০। অতিরিক্ত পরিচালক, এম.আই.এস.এন্ড.এম/ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১১। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
১৬-২২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,ঢাকা/ রাজশাহী/ চট্টগ্রাম/খুলনা/ বরিশাল/ সিলেট/রংপুর। তাদের অধীনস্থ সকল জেলা/উপজেলা দপ্তরসমূহে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
২৩-২৮। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ/ চট্টগ্রাম/ আশুগঞ্জ, বি-বাড়িয়া/ সান্তাহার, বগুড়া/ খুলনা স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট।
২৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর,ঢাকা।

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩১.৩২.০১৯.১৮(অংশ-১)- তারিখঃ /১২/২০১৯ খ্রিঃ।
অনুলিপিঃসদয় অবগতির জন্যঃ-

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। অফিস কপি।
৩। মাস্টার কপি।

(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশাসন-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০১৩.১৮.০০৮.১৭.৪৫৭ তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৬
০১ ডিসেম্বর ২০১৯

বিষয়: **মন্ত্রণালয়/বিভাগে ব্যবহৃত সরকারের বিভিন্ন পদনাম ও পদবিসমূহের বিধি বহির্ভূত ব্যবহার।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.১০.২০১৯ তারিখের ৮৫ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত বিবেচ্য পত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

১-১২-২০১৯
মোহাঃ হারুন-অর-রশীদ
উপ-সচিব
ফোন: +৮৮০২৯৫৪০১৫৪
ফ্যাক্স: +৮৮০২৯৫১৫০২৪
ইমেইল: admin1@mofood.gov.bd

বিতরণ :
১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
২) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৩) উপ-সচিব, সেবা শাখা, খাদ্য মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০১৩.১৮.০০৮.১৭.৪৫৭/১ তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৬
০১ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়

১-১২-২০১৯
মোহাঃ হারুন-অর-রশীদ
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বিধি অধিশাখা
www.cabinet.gov.bd

০৭ কার্তিক ১৪২৬

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.৩৫.০০৩.১৫.৮৫ তারিখ: ২৩ অক্টোবর ২০১৯

## পরিপত্র

বিষয়: মন্ত্রণালয়/ বিভাগে ব্যবহৃত সরকারের বিভিন্ন পদনাম ও পদবিসমূহের বিধি বহির্ভূত ব্যবহার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৫৫(৬)-এর আলোকে প্রণীত Rules of Business, 1996, সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এবং অন্যান্য বিধি দ্বারা সরকারের বিভিন্ন পদনাম ও পদবি সংজ্ঞায়িত। সরকারের সিনিয়র সচিব/সচিব, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব ও সহকারী সচিব পদসমূহে ক্যাডার কর্মকর্তাগণের নিয়োগ ও পদোন্নতি 'সরকারের উপ-সচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি বিধিমালা, ২০০২' দ্বারা নিয়ন্ত্রিত।

২। সরকারের পদনামসমূহ বিধি বহির্ভূতভাবে বিভিন্ন আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা/সংগঠন, অধঃস্তন অফিস ও সংযুক্ত দপ্তরসমূহ এবং বেসরকারি অফিসসমূহে ব্যবহৃত হচ্ছে। উপরিল্লিখিত বিধিমালা দ্বারা নিয়োগ বা পদোন্নতি প্রাপ্ত নন এমন ব্যক্তি কর্তৃক সরকারের পদনামসমূহ অননুমোদিত ব্যবহারের ফলে জনমনে বিভ্রান্তির সৃষ্টি হয়। বিধি বহির্ভূতভাবে বা আংশিক পরিবর্তন করে উল্লিখিত সরকারি পদনামসমূহের ব্যবহার নৈতিকতা-পরিপন্থী এবং 'দন্ডবিধি-১৮৬০' ও 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮' অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

৩। বর্ণিত প্রেক্ষাপটে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

(ক) মন্ত্রণালয়/ বিভাগের অধঃস্তন অফিসের পদনাম ও পদবি সৃজনের ক্ষেত্রে সরকারি পদনাম ও পদবি সহকারী সচিব, উপসচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব, সচিব ও সিনিয়র সচিব যেন ব্যবহৃত না হয় এবং ইতঃপূর্বে অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান ত্রুটি/ বিভ্রান্তি নিরসনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(খ) সরকারের মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর ও অধঃস্তন অফিসে কর্মরত কর্মকর্তাগণকে স্ব স্ব সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত পদনাম ও পদবি পূর্ণাঙ্গ ও সঠিকভাবে তাদের দাপ্তরিক সিলমোহর, নেমকার্ড, নেমপ্লেট, নথি এবং ওয়েবসাইটে ব্যবহার করতে হবে;

(গ) রাষ্ট্রীয়/জাতীয় অনুষ্ঠানসমূহে প্রযোজ্য ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) রক্ষিত কর্মকর্তাগণের তালিকা অনুসরণ করা যেতে পারে।

২৩.১০.২০১৯
(শফিউল আজিম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৪৫৩৭
ইমেইল: js_rs@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব,........................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩. সচিব....খাদ্য.........................................মন্ত্রণালয়/বিভাগ।
৪. সচিব (দায়িত্বপ্রাপ্ত), আইন ও বিচার বিভাগ।